

মূল্যায়ন পরীক্ষা-২০২০

শ্রেণি: ষষ্ঠ

বিষয় : খ্রিস্ট ধর্ম ও নৈতিক শিক্ষা

(বহুনির্বাচনি অভীক্ষা)

সময় : ৩০ মিনিট

পূর্ণমান : ৩০

১। নারী ও পুরুষের মিলিত রূপ কী গঠন করে-

- ক) সমাজ খ) পরিবার
গ) ঈশ্বরের প্রতিমূর্তি ঘ) মানুষের প্রতিমূর্তি

২। ঈশ্বর কেন মানুষের জন্য সবকিছু সৃষ্টি করেছেন?

- ক) ঈশ্বরের সেবা করতে
খ) ঈশ্বরকে ভালবাসতে ও সেবা করতে
গ) নিজেকে ভোগ করতে
ঘ) নিজেকে ভোগ করতে ও ঈশ্বরের কাছে উৎসর্গ করতে

নিচের উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:

অঙ্কন ও অর্ধি দুই ভাইবোন। অর্ধি তার ভাইয়ের একটা বই লুকিয়ে রেখে মজা করতে থাকে। অর্ধি তার মন্দ কাজের ভুল বুঝতে পেরে বইটি ফিরিয়ে দেয়।

৩। অর্ধি তার কাজের দ্বারা লাভ করতে পারে-

- ক) অন্তরে পরিতৃপ্তি খ) ঈশ্বরে পবিত্রতা
গ) বিবেকের উন্নতি ঘ) সকলের ভালবাসা

৪। অঙ্কনের কাজের মাধ্যমে প্রকাশিত হয়-

- i. ঐশ্বরিক গুণাবলি ii. মানবীয় গুণাবলি

iii. মান্ডলিক গুণাবলি

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৫। সৃষ্টির মধ্যে শ্রেষ্ঠ হলো-

- ক) সমুদ্র খ) পাখি
গ) মানুষ ঘ) গাছপালা

৬। আমরা এই পৃথিবীতে কেন জন্মগ্রহণ করেছি?

- ক) নিজের ইচ্ছামত চলতে
খ) মন্দ পরিকল্পনা দ্বারা পরিচালিত হতে
গ) আনন্দ করতে
ঘ) ঈশ্বরের পরিকল্পনা অনুসরণ করতে

৭। আমরা ঈশ্বরের প্রতি কীরূপ হব?

- ক) অবাধ্য খ) বাধ্য
গ) অবজ্ঞাময় ঘ) উদাসীন

৮। ঈশ্বর আমাদের কীভাবে সৃষ্টি করলেন?

- ক) পুড়িয়ে খ) শাস্তি দিয়ে
গ) আপন প্রতিমূর্তিতে ঘ) তাঁর বাক্য দ্বারা

৯। ঈশ্বরের প্রতি মারীয়ার আচরণ কেমন ছিল?

- ক) ভীতু খ) সাহসী
গ) গভীর বিশ্বাসী ঘ) উদাসীন্য

১০। যীশু কোথায় হারিয়ে গিয়েছিলেন?

- ক) বাজারে খ) গ্রামে
গ) শহরে ঘ) মন্দিরে

১১। ঈশ্বর হলেন -

- ক) পিতা খ) পুত্র
গ) পবিত্র আত্মা ঘ) পিতা, পুত্র ও পবিত্র আত্মা

১২। পবিত্র বাইবেলের প্রথম গ্রন্থের নাম কী?

- ক) মথি খ) আদিপুস্তক
গ) মার্ক ঘ) যাত্রাপুস্তক

১৩। মানুষের পাপ দ্বারা -

- i. সৃষ্টির সৌন্দর্য নষ্ট হয়েছে
ii. সৃষ্টি কলুষিত ও মলিন হয়েছে
iii. সৃষ্টির রহস্য পূর্ণ হয়েছে

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:

সমাজ সেবক জর্জ বিরাট একটি হাসপাতাল নির্মাণ করলেন, যেন ২০০০ লোকের কর্মসংস্থান হয় এবং গরিব রোগীদের সেবা দিতে পারেন। ঈশ্বরের অনুগ্রহের কারণেই তার জীবনের সকল কাজের উন্নতি হয়েছে।

১৪। জর্জের সেবার মাধ্যমে প্রকাশ পায় -

- i. ঈশ্বরের সৃষ্টির যত্ন
ii. ঈশ্বরের সেবা
iii. নিজের গৌরব প্রকাশ

নিচের কোনটি সঠিক?

- ক) i খ) i ও ii
গ) ii ঘ) ii ও iii

১৫। জর্জের হাসপাতাল নির্মাণের উদ্দেশ্য হলো-

- ক) জগতের পূর্ণতা খ) অন্যের ভালো ও মঙ্গল সাধন
গ) নিজের গৌরব প্রকাশ ঘ) নিজের পূর্ণতা প্রাপ্তি

১৬। ঈশ্বর মানুষকে কী দায়িত্ব দিয়ে পৃথিবীতে প্রেরণ করেছেন?

- ক) সৃষ্টির ধ্বংস করতে খ) সৃষ্টির যত্ন নিতে
গ) সৃষ্টির বিবর্তন ঘটাতে ঘ) গর্ব করতে

১৭। পরিবেশ ভারসাম্য হারাচ্ছে কেন?

- ক) মানুষের ব্যবহারের ফলে
খ) মানুষের নির্যাতনের ফলে
গ) মানুষের অধিক মনোযোগের কারণে
ঘ) মানুষের অস্তিত্বের কারণে

১৮। প্রতিদিনের সৃষ্টির পর ঈশ্বর বলেছেন?

- ক) ভালো খ) মন্দ
গ) উত্তম ঘ) সঠিক

১৯। ঈশ্বর কত দিনে সমস্ত সৃষ্টি করেছেন?

- ক) ৩ খ) ৪
গ) ৬ ঘ) ৭

২০। ঈশ্বর কততম দিনে বিশ্রাম নিয়েছিলেন?

- ক) ৪র্থ খ) ৬ষ্ঠ
গ) ৭ম ঘ) ৮ম

২১। রহস্য কথার অর্থ কী?

- ক) বোধগম্য খ) লোভনীয়
গ) আকর্ষণীয়
ঘ) যা সহজে পুরোপুরিভাবে বোঝা বা ব্যাখ্যা করা যায় না

২২। বাইবেলের কোন পুস্তকে সৃষ্টির বিষয়ে বর্ণনা করা হয়েছে?

- ক) বিলাপগাথা খ) আদিপুস্তক
গ) যাত্রাপুস্তক ঘ) দ্বিতীয় বিবরণ

২৩। সকল সৃষ্টির উৎস কে?

- ক) স্বর্গদূত খ) ঈশ্বর
গ) পিতা-মাতা ঘ) মানুষ

২৪। ঈশ্বর চান মানুষ যেন-

- i. ঈশ্বরকে জানে
ii. ঈশ্বরকে মেনে চলে
iii. ঈশ্বরকে ভালোবাসে
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:

সুমন একজন মেধাবী ছাত্র। একসময় সে তার খারাপ বন্ধুদের

সঙ্গ পেয়ে পড়াশুনা ছেড়ে দেয় ও বিপথে চলে যায়।

শিক্ষক তাকে তার ভুল বুঝিয়ে দিয়ে আদর করে কাছে

টেনে নেন। সুমন তার শিক্ষকের ভালোবাসা গভীরভাবে বুঝতে পেরে সুপথে ফিরে আসে।

২৫। সুমনের প্রতি শিক্ষকের উক্ত আচরণের কারণ-

- i. পাপ থেকে মুক্ত করা
ii. ঈশ্বর মহিমা প্রকাশ
iii. ছাত্রের প্রতি ভালোবাসা
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬। যীশুর কোন গুণটি শিক্ষকের মধ্যে প্রকাশ পেয়েছে-

- ক) ন্যায্যতা খ) দয়া
গ) ক্ষমা ঘ) স্নেহশীলতা

২৭। ঈশ্বর মোশীকে তাঁর কাজের জন্য-

- ক) মনোনীত খ) আহ্বান
গ) নিয়োগ ঘ) আদেশ দিলেন

২৮। ঈশ্বর ইস্রায়েল জাতির সাথে কী করলেন?

- ক) বন্ধুত্ব খ) ভোজ
গ) সন্ধি ঘ) আনন্দ

২৯। মনোনীত জাতি বারবর ঈশ্বরের প্রতি-

- ক) অনুগ্রহ করলেন খ) প্রার্থনা নিবেদন করলেন
গ) অবাধ্য হলেন ঘ) চুক্তির শর্ত পরিবর্তন করলেন

৩০। পবিত্র আত্মার অবতরণের দিন-

- ক) খ্রিস্টমন্ডলীর মৃত্যু দিন
খ) খ্রিস্টমন্ডলীর প্রকৃত জন্মদিন
গ) শিষ্যদের জন্মদিন ঘ) পবিত্র আত্মা দিবস